

বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

গোপনীয়

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩ঃ৪১(২০১৫-২০১৬)/২০১৮-২০১৯/

তারিখ : ০৪.০৭.২০১৮ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ আবদুল মালেক, উর্ধ্বতন কর্মকর্তা (অবসরপ্রাপ্ত), বিকেবি, আঞ্চলিক কার্যালয়, লাকসাম ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, চৌধুরী বাজার শাখায় ২য় কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃংখলা সম্পর্কিত ৩৮ (ক), (খ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের জন্য শৃংখলাজনিত বিভাগীয় মামলা নং ৫১/১৫-১৬ রুজুপূর্বক অত্র বিভাগের ০৭-০৬-২০১৬ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩ঃ৪১(২০১৫-২০১৬)/৩৫৩১ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা পূর্বক আপনার বিরুদ্ধে আনীত প্রমাণিত অভিযোগের জন্য আপনাকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন। উক্ত সিদ্ধান্ত মোতাবেক অত্র বিভাগের ২২-১০-২০১৭ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩ঃ৪১(২০১৫-২০১৬)/১৩০৬ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ০৮-১১-২০১৭ খ্রিঃ তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতপরঃ কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব মোঃ আবদুল মালেক, আপনাকে গুরুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষেত্রে, সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ আবদুল মালেক আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, চৌধুরী বাজার শাখার আয় খাতে জমা করিবার জন্য আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ আবদুল মালেক (এ-৩৬৪০)  
উর্ধ্বতন কর্মকর্তা (অবসরপ্রাপ্ত)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
আঞ্চলিক কার্যালয়, লাকসাম।

**স্বাক্ষরিত**  
(মোঃ মোশাররফ হোসেন)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩ঃ৪১(২০১৫-২০১৬)/২০১৮-২০১৯/

তারিখ : ০৪.০৭.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ে জনাব মোঃ আবদুল মালেক এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, চৌধুরী বাজার শাখার আয় খাতে জমা করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ে মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ১০। আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, লাকসাম। এতদসংগে প্রেরিত মূল ঘোষণাটি জনাব মোঃ আবদুল মালেক এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। এছাড়া ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ে মর্মানুযায়ী শাখা কর্তৃক তা বাস্তবায়নের বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হইল।
- ১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, লাকসাম। শাখা পরিদর্শনকালে এতদবিষয়ক রায় শাখা কর্তৃক যথাযথভাবে বাস্তবায়নের বিষয়টি যাচাইকরণের জন্য অনুরোধ করা হইল।
- ১২। ব্যবস্থাপক, বিকেবি, চৌধুরী বাজার শাখা, লাকসাম। উপরোক্ত রায়ে উল্লেখিত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার এ্যাডভাইস প্রাপ্তির পর তা শাখার আয় খাতে জমা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
- ১৩। নথি / মহানথি/ মূলনথি।

**স্বাক্ষরিত**  
০৪/০৭/২০১৮  
(মোঃ আব্দুর রউফ)  
সহকারী মহাব্যবস্থাপক